

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯০

আগরতলা, ১৮ ডিসেম্বর, ২০২৩

বীরবিক্রম মেমোরিয়াল কলেজের নবাগত ছাত্রছাত্রীদের নবীন বরণ
পড়াশুনার পাশাপাশি ছাত্রছাত্রীদের মূল্যবোধের
বিষয়েও শিক্ষা দেওয়া প্রয়োজন : মুখ্যমন্ত্রী

ছাত্রছাত্রীরাই হচ্ছে আগামীদিনে দেশের ভবিষ্যত। তাদের উপরই এক ভারত শ্রেষ্ঠ ভারত বা এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন নির্ভর করছে। তাই প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনার পাশাপাশি ছাত্রছাত্রীদের মূল্যবোধের বিষয়েও শিক্ষা দেওয়া প্রয়োজন। আজ রবীন্দ্র শতবার্ষিকী ত্বরনে বীরবিক্রম মেমোরিয়াল কলেজের নবাগত ছাত্রছাত্রীদের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা একথা বলেন। নবীন বরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যাদের কাছে জ্ঞান থাকবে পৃথিবী তাদের হাতের মুঠোয় থাকবে। এই জ্ঞান লাভের অন্যতম স্থান হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৪ সালে দায়িত্ব গ্রহণ করার পর দেশের শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তনে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করে যাচ্ছেন। প্রধানমন্ত্রীর মার্গদর্শনেই দীর্ঘদিন পর দেশে নতুন জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে। রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ইতিমধ্যেই নতুন জাতীয় শিক্ষানীতি কার্যকর করা হয়েছে। শিক্ষক শিক্ষিকাদের নতুন জাতীয় শিক্ষানীতির বিভিন্ন দিকগুলি সম্পর্কে ছাত্রছাত্রীদের আরও বেশি করে সচেতন করার দায়িত্ব নিতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা বলেন, প্রাচীনকালে বিদেশ থেকে পড়ুয়ারা আমাদের দেশের বিখ্যাত নালন্দা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করার জন্য আসতেন। শিক্ষার এই ঐতিহ্যকে পুনরুদ্ধারের লক্ষ্যেই প্রধানমন্ত্রী নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলেন, পাঠ্যপুস্তক পড়ার পাশাপাশি রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, ঋষি অরবিন্দ, শরৎচন্দ্রের মতো মহান ব্যক্তিদের জীবনী পাঠ করাও প্রয়োজন। এইসব বিষয়ে প্রত্যেক ছাত্রছাত্রীকেই জানার আগ্রহ তৈরি করতে হবে। ছাত্রছাত্রীদের সব সময়ই ভালো চিন্তাভাবনা নিয়ে এগুতে হবে। তবেই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন করা সম্ভব হবে।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, ছাত্রছাত্রীরা বিদ্যালয়ের গান্ডি পার হয়ে মহাবিদ্যালয়ের গান্ডিতে পা রাখার পর নবীন বরণ দিনটির জন্য অপেক্ষা করে। কারণ এই দিনটি তাদের জীবনের জন্য একটি স্মরণীয় দিন হয়ে থাকে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের সব সময় মনে রাখতে হবে যে সবার আগে দেশ। তাই দেশের ঐক্য ও সার্বভৌমত্ব রক্ষায় সব সময় সচেষ্ট থাকতে হবে। প্রত্যেকের মধ্যেই দেশপ্রেমের ভাবনা জাগিয়ে তুলতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, বীরবিক্রম মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ ড. রতন দেব ও কলেজের টিচার্স কাউন্সিলের সম্পাদক জীবন কৃষ্ণ পাত্র।
